



যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ বিষয়ে ০৮/০৯/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব রাশেদা জামান
যুগ্মসচিব (প্রশাসন) ও সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
তারিখ : ০৮ সেপ্টেম্বর ২০২১ খ্রি.
সময় : বেলা ১২.০০ টা
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫০২, ভবন নং-৭)।
উপস্থিতি : পরিশিষ্ট ক।

সভাপতি সভার প্রারম্ভে স্টেকহোল্ডারগণসহ উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর আলোচ্যসূচি মোতাবেক সভার কাজ শুরু করার জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) সংক্রান্ত বিকল্প ফোকাল পয়েন্ট কর্মর্তাকে অনুরোধ জানান। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) সংক্রান্ত বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, সেবা গ্রহীতা যাতে নির্ধারিত সময়ের মধ্যে কাঙ্ক্ষিত সেবা সহজে পায় সে জন্য এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করা হয়েছে। যুব ও ক্রীড়া মন্ত্রণালয় থেকে স্টেকহোল্ডারগণ প্রত্যাশিত সেবা নির্ধারিত সময়ের মধ্যে পেয়ে থাকেন কিনা এ বিষয়ে স্টেকহোল্ডারগণের কোনো মতামত থাকলে মতামত/পরামর্শ প্রদানের জন্য স্টেকহোল্ডারগণকে অনুরোধ করেন। স্টেকহোল্ডারগণের মধ্যে হতে শেখ হাসিনা জাতীয় উন্নয়ন ইনস্টিটিউট এর পরিচালক জনাব মোঃ মিজানুর রহমান, যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক (প্রকাশনা) জনাব মোঃ রফিকুল ইসলাম, জাতীয় ক্রীড়া পরিষদের উপপরিচালক জনাব মোঃ আবুল হোসেন হাওলাদার, বিকেএসপির সহকারী পরিচালক জনাব মোঃ ওসমান গণি, ক্রীড়া পরিদপ্তরের সহকারী পরিচালক জনাব মোঃ তারিকুজ্জামান সভাকে অবহিত করেন যে, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতির আলোকে সকলেই নির্ধারিত সময়ের মধ্যে সেবা পেয়ে থাকেন। এ মন্ত্রণালয় সেবা প্রদান প্রতিশ্রুতির আলোকে যে সেবা প্রদান করছে তা অব্যাহত রাখার জন্য সকলেই পরামর্শ প্রদান করেন।

০২। অতঃপর বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

সিদ্ধান্তসমূহ:

- (ক) সেবা গ্রহীতা যাতে নির্ধারিত সময়ের মধ্যে প্রত্যাশিত সেবা পেয়ে থাকেন এজন্য এ মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার স্ব-স্ব ওয়েবসাইটে নিয়মিতভাবে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) হালনাগাদ করতে হবে।
- (খ) দ্রুততম সময়ের মধ্যে যাতে সেবা গ্রহীতাদেরকে সেবা প্রদান করা যায় এজন্য Innovative Way-তে কাজ করতে হবে।
- (গ) মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি, ফোন, মোবাইল, ই-মেইল নম্বরসহ প্রয়োজনীয় তথ্যাদি নিয়মিতভাবে হালনাগাদকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৩। পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

০৮/০৯/২০২১

(রাশেদা জামান)

যুগ্মসচিব (প্রশাসন)

ও


সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত ফোকাল

পয়েন্ট কর্মকর্তা

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দু:আ: উপসচিব, সুশাসন ও অভিযোগ ব্যবস্থাপনা অধিশাখা)
 ২. অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 ৩. মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
 ৪. মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
 ৫. পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
 ৬. সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
 ৭. সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।
 ৮. মহাপরিচালক, বিকেএসপি, সাভার, ঢাকা।
 ৯. যুগ্মসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 ১০. উপসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 ১১. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 ১২. সিনিয়র সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 ১৩. চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
 ১৪. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 ১৫. হিসাবরক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 ১৬. সহকারী প্রোগ্রামার, আইটিসেল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (ওয়েবসাইটে প্রকাশ এবং সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সেবাবক্সে আপলোড করার অনুরোধসহ)


(মোঃ জাহাঙ্গীর হাওলাদার)
সহকারী সচিব
ফোন: ৯৫৭৫৫১০